

স্মারক নং-৪৬.০৮৫.০১৪.০১.০০.০২০.২০১৬-৮৯০

তারিখ : ২৮/১২/২০১৭ খ্রিঃ


বিষয় : ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) শীর্ষক প্রকল্পের বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা Agence Francaise de Development (AFD) এর Loan Disbursement সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬১৮.০০.০০.G-01(v-01)/DESWSP/৩৫৫৪, তাং-২৬/১২/১৭
(২) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের স্মারক নং-০৯.০০.০০০০.১৬৩.২৪.০১৬.১৭-৩৪০, তাং-১৬/১১/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার 'Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP)' শীর্ষক প্রকল্পে অর্থায়নের বিষয়ে বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা Agence Francaise de Development (AFD) এর সাথে ৬৪ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত ঋণ প্রকল্পের Design Build Operation (DBO) প্যাকেজে ব্যয় করা হবে। ইতোপূর্বে AFD এর ঋণের 1st Disbursement সময়সীমা ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। সে মোতাবেক উক্ত ঋণের ১ম কিস্তির অর্থ ছাড়করণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২নং সূত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ অনুরোধ করেছে। কিন্তু DBO প্যাকেজের দরপত্র মূল্যায়নের উপর মহামান্য হাইকোর্ট বিভাগে একটি Writ Petition দাখিল করা হয়। উক্ত Writ Petition এর উপর প্রথম দিন শুনানী শেষে মহামান্য হাইকোর্ট বিভাগ DBO প্যাকেজের কার্যক্রমের উপর Status quo প্রদান করেছে। এছাড়া Writ Petition এর উপর ইতোমধ্যে কয়েক দফা শুনানী অনুষ্ঠিত হয়েছে ও শুনানী কার্যক্রম অব্যাহত আছে। উল্লিখিত Writ Petition-এর শুনানীকালে ঢাকা ওয়াসা থেকে সন্তোষজনক জবাব, তথ্যাদি এবং দলিল-দস্তাবেজ মহামান্য হাইকোর্টে যথাযথভাবে দাখিল করা হয়েছে। অনাকাঙ্ক্ষিত এ বিষয়টি কাটিয়ে ফেব্রুয়ারি, ২০১৮ এর মধ্যে DBO প্যাকেজের Contract Award প্রদান করা সম্ভব হবে মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছে। সে পরিপ্রেক্ষিতে AFD এর ঋণের 1st Disbursement এর সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১৭ এর পরিবর্তে ৩০ জুন, ২০১৮ পর্যন্ত বর্ধিতকরণ প্রয়োজন। এ সংক্রান্ত একটি Write-up প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) শীর্ষক প্রকল্পের বৈদেশিক উন্নয়ন সহযোগী সংস্থা Agence Francaise de Development (AFD) এর 1st Loan Disbursement সময়সীমা ৩১ ডিসেম্বর ২০১৭ এর পরিবর্তে ৩০ জুন ২০১৮ পর্যন্ত বর্ধিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
watersupply_02@yahoo.com

সচিব

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

শেরে বাংলা নগর, ঢাকা

(দৃঃ আঃ উপসচিব, ইউরোপ-৩ অধিশাখা)

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।

২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৪। প্রকল্প পরিচালক, Dhaka Environmentally Sustainable Water Supply Project, ঢাকা ওয়াসা।

✓ ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।